# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম
www.ccc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি


**(প্রেস বিজ্ঞপ্তি)** ২৪ ফেব্রুয়ারী ২০২২

## চসিক স্থায়ী কমিটির প্রাক সাধারণ সভা অনুষ্ঠিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্থায়ী কমিটির পর্যালোচনা সভায় নগরীর সৌন্দর্যবর্ধনের ব্যাপারে যে অসঙ্গতি ও অনিয়ম হয়েছে তা দূরীকরণে চুক্তি পূর্ণমূল্যায়নে করণীয় সকল পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করা হয়। আজ বৃহস্পতিবার সকালে চসিক প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তরে স্থায়ী কমিটি কর্তৃক গৃহিত সিদ্ধান্ত নিয়ে সাধারণ সভা পূর্ববর্তী পর্যালোচনা সভায় বিষয়ে আলোকপাত করা হয়। চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলমের সভাপতিত্বে ও সচিব খালেদ মাহমুদ'র সঞ্চালনায় অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন কাউন্সিলর অধ্যাপক মোঃ ইসমাইল, মো. ওয়াসিম উদ্দিন চৌধুরী, আবুল হাসনাত মো. বেলাল, আব্দুস সালাম মাসুম, নগর পরিকল্পনাবিদ আবদুল্লাহ আল ওমর প্রমুখ। সভায় বলা হয় নগরীর যানজট নিরসনে সড়কগুলোর সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে। এজন্য শহরের বিভিন্ন স্থানে মাল্টি স্টোরিড পার্কিং লট স্থাপনের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। সৌন্দর্যবর্ধনের নামে যারা চুক্তি লঙ্ঘন করে বিলবোর্ড, ব্যবসা প্রতিষ্ঠান স্থাপন করেছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে। যেসব কর্মকর্তা কারণ দর্শানোর নোটিশ প্রদান সত্ত্বেও আশানুরূপ কর আদায় করতে পারে নাই তাদের পুনরায় কারণ দর্শানোর নোটিশ দেয়া হবে। চট্টগ্রাম বন্দর কর্তৃক অধিগ্রহণকৃত লালদিয়ার চরের বকেয়া গৃহ কর আদায়ে জরুরি পদক্ষেপ নিতে হবে। কর আদায় ও ট্রেড লাইসেন্স এর তালিকা ওয়ার্ড ওয়ারী কাউন্সিলরদের পাঠাতে হবে এবং তা ই রেভিনিউ সিস্টেম সফটওয়্যারে সন্নিবেশিত করতে হবে।

## গণটিকা গ্রহণে জনসচেতনতায় নগর ভবনে বর্ণাঢ্য উদ্বুদ্ধকরণ র‍্যালি

আগামী ২৬ ফেব্রুয়ারি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের এলাকায় কোভিড-১৯ গণটিকা কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে নগরীর ৪১টি ওয়ার্ডে বর্ণাঢ্য র‍্যালি সহ ট্রাক, সিএনজির মাধ্যমে ব্যাপক প্রচার-প্রচারণা করা হচ্ছে। ক্যাম্পেইনে ১২বছর বা তদুর্দ্ধ বয়সের জনগোষ্ঠীকে রেজিস্ট্রেশন বা টিকা কার্ড না থাকলেও শুধুমাত্র লাইন লিষ্টিং করে টিকা দেওয়া হবে। এই কর্মসূচির পাশাপাশি ২য় ডোজ ও বুষ্টার ডোজ প্রদান কার্যক্রমও চলবে। এই প্রচারণার অংশ হিসেবে আজ বৃহস্পতিবার বিকেলে টাইগারপাসস্থ অস্থায়ী নগর ভবনে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে এক বর্ণাঢ্য র‍্যালির আয়োজন করা হয়। মেয়র মো. রেজাউল করিম চৌধুরী র‍্যালির উদ্বোধন করেন। এসময় উপস্থিত ছিলেন প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম, কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম।

উদ্বোধন শেষে মেয়র বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন ৪১টি ওয়ার্ডে প্রায় ২লাখ টিকা প্রদানের কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এ গনটিকা কর্মসূচির আওতায় প্রতি ওয়ার্ডে সাড়ে চার হাজার নাগরিককে করোনা টিকা প্রদানে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। প্রতিটি ওয়ার্ডে ৫টি টিকা কেন্দ্র থেকে এই কর্মসূচি চালানো হবো। ২৬ফেব্রুয়ারি গণটিকা কার্যক্রমে টিকা নিতে কোন রেজিস্ট্রেশন, জন্ম নিবন্ধন বা জাতীয় পরিচয়পত্র লাগবেনা। নগরীতে স্থাপিত টিকা সেন্টারসমূহে শৃঙ্খলার সাথে টিকা গ্রহণ করতে মেয়র সকলের সহযোগিতা কামনা করেন। র‍্যালিতে লিফলেট ও মাইকিং্র মাধ্যমে গণটিকার প্রচার-প্রচারণা চালানো হয়। এছাড়াও চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, আন্দরকিল্লা ২৫০শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, আলকরণ সিটি কর্পোরেশন জেনারেল হাসপাতাল, মোস্তফা হাকিম কলেজ উত্তর কাট্টলী, রহমানিয়া উচ্চ বিদ্যালয়, বন্দর হাসপাতাল হামজারবাগ, জিইসি কনভেনশন হল, অফিসার্স ক্লাব-নেভাল এভিনিউ, এম.এ আজিজ স্টেডিয়াম, রোজ গার্ডেন কমিউনিটি সেন্টার পুরাতন চান্দগাও'তে বুষ্টার ডোজের টিকা প্রদানের কথা উল্লেখ করা হয়। অপরদিকে আজ সকালে ফিরিঙ্গীবাজার ওয়ার্ডে কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লবের উদ্যোগে একটি র‍্যালি বের করা হয়। এতে উপস্থিত ছিলেন চসিক প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর লুৎফুন্নেছা দোভাষ বেবী, আওয়ামী লীগ নেতা আবদুল হালিম দোভাষ ও মো. জাহাঙ্গীর আলম প্রমুখ।

চসিক ভ্রাম্যমাণ আদালত পরিচালিত

## নিষেধাজ্ঞা স্বত্বেও পলিথিন ব্যবহার করায় ৬দোকানদারকে সাড়ে ৫হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বৃহস্পতিবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলীর নেতৃত্বে কোতোয়ালী থানাধীন রেয়াজউদ্দিন বাজারে বিধিনিষেধ আরোপ করা সত্ত্বেও পলিথিন ব্যাগে পণ্য বিক্রি করার অপরাধে ৬দোকানদারের বিরুদ্ধে মামলার রুজু পূর্বক ৫হাজার ৫শত টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা, কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করে।

অমর একুশে বইমেলার আলোচনা সভা

## রবীন্দ্রনাথের নোবেল প্রাপ্তির মাধ্যমে বাংলা ভাষা ও সাহিত্য মর্যাদার আসনে আসীন হলো

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে সৃজনশীল প্রকাশনা পরিষদ ও নাগরিক সমাজের সহযোগীতায় বঙ্গবন্ধুকে নিবেদিত অমর একুশে বই মেলার ৫ম দিনে রবীন্দ্র উৎসবের আলোচনা সভায় প্রধান অতিথি বিশিষ্ট সাংবাদিক ও প্রাবন্ধিক আবুল মোমেন বলেছেন, রবীন্দ্রনাথ ঠাকুর নোবেল পুরস্কার প্রাপ্তির মধ্যদিয়ে বাংলা ভাষা ও সাহিত্যকে পৌঁছে দিয়েছেন বিকাশের চুড়ান্ত সোপানে, আর মাতৃভাষা বাংলাকে রাষ্ট্রভাষা করার জন্য বাঙ্গালি জাতি **১৯৫২**সালে বুকের তাজা রক্ত দিয়ে বিশ্বে বাংলা ভাষাভাষী মানুষের আত্মমর্যাদাকে সুপ্রতিষ্ঠিত করেছে। তিনি বলেন, আমরা এখনো সমাজ সচেতন রবীন্দ্রনাথকে আবিস্কার করতে পারিনি। মানুষের উৎকর্ষের যে শিকড় সেই শিকড় থেকে তিনি একথাগুলো বলেছিলেন। আমাদের পথ খুঁজতে হবে কি করে মানুষ হতে পারি। বর্তমানে আমরা আমাদের মনুষ্যত্ববোধ হারাতে বসেছি তাই তিনি মানুষের পাশে দাঁড়িয়ে নিজেদের মনুষ্যত্বকে জাগ্রত করার আহ্বান জানান। তিনি আরো বলেন, বিশ্বে রবীন্দ্রনাথ একমাত্র গীতিকবি যিনি ভিন্ন দুটি দেশের জাতীয় সঙ্গীত রচয়িতা, তারমধ্যে আমাদের জাতীয় সঙ্গীত আমার সোনার বাংলা আমি তোমায় ভালবাসি।

প্রফেসর রিত্তা দত্ত'র সভাপতিত্বে এতে স্বাগত বক্তব্য রাখেন মেলা পরিষদের আহ্বায়ক কাউন্সিলর ড. নিছার উদ্দিন আহমেদ মঞ্জু। প্রধান অতিথি বিশিষ্ট সাংবাদিক ও প্রাবন্ধিক আবুল মোমেন, মূখ্য আলোচক অধ্যক্ষ ও শিক্ষাবিদ ড. আনোয়ারা আলম, বিশেষ অতিথি কথা-সাহিত্যিক সাহাদাত হোসেন, কাউন্সিলর জহর লাল হাজারী।

সভাপতির বক্তব্যে প্রফেসর রিতা দত্ত বলেছেন, রবীন্দ্রনাথ ছাড়া বাংলা সাহিত্য চর্চা পরিপূর্ণতা লাভ করেনা। আমাদের দুঃখ-বেদনা, আশা যা কিছু প্রকাশ সব জায়গায় আমরা রবীন্দ্রনাথকে খুঁজে পাই। বিশ্বকবি আমাদের জীবনের সঙ্গে অতোপ্রতোভাবে জড়িত। তাঁর কথা বলে শেষ করা যাবেনা রবীন্দ্রনাথ না পড়লে যেন জীবনটাই বৃথা। তিনি ছাত্র-ছাত্রীদের বেশি বেশি রবীন্দ্রচর্চা করার আহ্বান জানান।

স্বাগত বক্তব্যে ড. নিছার উদ্দিন আহমেদ মঞ্জু বলেন, বই জাতি গঠনে সহায়তা করে। বই মানুষের পরম বন্ধু। জ্ঞানের ভান্ডার পরিপূর্ণ করতে বই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বই পড়ার বিরল আনন্দ ও আগ্রহের কথা বিবেচনায় নিয়ে প্রতিবছর চসিক বইমেলা আয়োজনের উদ্যোগ গ্রহণ করে।

সভাশেষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে দলীয় সঙ্গীত পরিবেশন করে সঙ্গীত ভবন এবং দলীয় নৃত্য পরিবেশন করেন ওডিসি এন্ড টেগোর ড্যান্স মুভমেন্ট।

**স্বাক্ষরিত/-**

(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩